



003

**শিক্ষা ক্ষেত্রে কম্পিউটারের  
ব্যবহার সম্বন্ধে  
সংক্ষেপ**

—সংবাদ

(শিক্ষার মার্গ পরিবেশক)

কম্পিউটার-এর মাধ্যমে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে। প্রধান সাময়িক আইন প্রশাসক মে: কে: এইচ, এই এরশাদ পতকাল শিক্ষা তথা ও পরিগণনা ব্যয়ে আধুনিকভাবে এ ব্যবহার উন্নয়ন করেন।

সর্বমোট ১৮ লাখ টাকা ব্যয়ে এ ব্যবস্থা চালুর ফলে সরকারী অনসন্ধান প্রাপ্ত ২ লাখ মাধ্যমিক স্কুল শিক্ষক এবং ১ লাখ ৮৫ হাজার প্রাথমিক স্কুল শিক্ষকের পে-অর্ডার ও পেন্সিওন সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে সমাধান করা সম্ভব হবে। এছাড়াও দেশের সকল স্কুল ও কলেজ সম্পর্কিত তথ্যাবলী সঠিকভাবে নিরূপণ করা হবে।

অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে  
(মে ১৯৮৩-এর ক: স:)

প্রধান সাময়িক আইন প্রশাসক শিক্ষা প্রশাসনে কম্পিউটারের ব্যবহার উন্নয়ন করছেন। —সংবাদ

**শিক্ষা ক্ষেত্রে**

(১ন পাতার পর)

প্রধান সাময়িক আইন প্রশাসক বলেন, শিক্ষাক্ষেত্রে পরিকল্পনা, প্রশাসন ও সূচী প্রশাসনের জন্য সঠিক তথ্য ও পরিগণনা অপরিহার্য। এক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার একটি সমরোচিত পন্থা।

প্রাথমিক শিক্ষা লাভযোগ্য বয়সের ছেলেমেয়েদের অধিক হারে শিক্ষা জীবন শেষ করার পূর্বে স্কুল ত্যাগের ঘটনার উৎসে প্রকাশ করে তিনি বলেন, মোট ১ কোটি ২৫ লাখ ছেলেমেয়ের মধ্যে ৩৯ লাখ মোটেই স্কুলে যায় না। যারা স্কুলে যায় তাদের ৮০ ডাগই প্রাথমিক শিক্ষা সমাপ্ত না করে স্কুল ত্যাগ করে।

এই উৎসেজনক পরিস্থিতি ঠোধ করার জন্য তিনি জনগণের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, সন্তানদের স্কুলে পাঠাবার এবং যাতে প্রাথমিক পর্যায়ের পাঠ্যকাল সম্পন্ন করে, সেদিকে দৃষ্টি রাখার বিশেষ দায়িত্ব অভিভাবকদের।

শিক্ষা প্রশাসনের সুফল লাভকরে প্রধান সাময়িক আইন প্রশাসক শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা প্রশাসন ও স্থানীয় জনগণের মধ্যে বিনিময় যোগাযোগ ও সহযোগিতার পরিবেশ গড়ে তোলার আহ্বান জানান।